গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৪৩

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৯
১৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **চট্টগ্রামে কুতুবদিয়া/বহির্নোঙ্গরে আমদানিকৃত গমবাহী MV. SUPER TRADER জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম এর ঠিকাদারের মাধ্যমে নারায়ণগঞ্জ সাইলোতে মোট ১৬৪৫৫ মে.টন ঢালা গম পরিবহণের অনুমোদন**

সূত্র: ০১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১৬-০২-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৪০২.৫০.০০৪.২৩.২০৪৪ নং স্মারক
০২। RENU SHIPPING LINES এর ১৫-০২-২০২৩ খ্রি. তারিখের SUPERTRADER/0525 স্মারকের আবেদন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেজর ক্যারিয়ার (পিএমসি) এর অধীনে নিম্নলিখিত কোস্টার কুতুবদিয়া/আউটার অ্যাঙ্কোরেজ থেকে MoU মোতাবেক MV. SUPER TRADER মাদার ভেসেল থেকে নারায়ণগঞ্জ সাইলোতে ১৬৪৫৫ মে.টন ঢালা গম পরিবহণের জন্য নিম্নোক্তভাবে অনুরোধ করা হয়েছে:

| ক্র. নং | ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম | লাইটার জাহাজের নাম | পরিমাণ (মে.টন) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | মেসার্স ফারুক ব্রাদার্স শিপিং লাইন্স | এম.ভি রেড ওশান-৩ | ২০৫০ | |
| ২. | এম.ভি. শাহজালাল নেভিগেশন লিঃ-মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ) | এম.ভি বাবা শাহ পরান (রহ.) | ২১৫৫ | |
| ৩. | মেসার্স ফয়সাল নেভিগেশন | এম.ভি ফয়সাল-১০ | ১২০০ | |
| ৪. | মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল | এম.ভি এইচ. এস-১ | ২১২৫ | |
| ৫. | মীম শরৎ কন্সট্রাকশন | এম.ভি হাবিব বিন অলি-১ | ১৮৫০ | |
| ৬. | এম.ভি. শাহজালাল নেভিগেশন লিঃ-মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ) | এম.ভি শাহ সুন্দর (অন্তর বাবা) | ২১৫০ | |
| ৭. | মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল | এম.ভি সাজেদা হোসেন | ২১০০ | |
| ৮. | মীম শরৎ কন্সট্রাকশন | এম.ভি গেছুদারাজ কল্লাহ শহীদ (রহ:) | ১৬৫০ | |
| ৯. | এম.ভি. শাহজালাল নেভিগেশন লিঃ-মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ) | এম.ভি হযরত শাহ আলী বোগদাদী (রহ.) | ১১৭৫ | |
| | | মোট = | ১৬৪৫৫ | |

এমতাবস্থায়, RENU SHIPPING LINES এর ১৫-০২-২০২৩ খ্রি. তারিখের SUPERTRADER/0525 স্মারকের

আবেদন এবং চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম প্রস্তাব অনুযায়ী ও ১০/১১/২০২২ খ্রি. তারিখে স্বাক্ষরিত চতুর্পক্ষীয় MoU মোতাবেক MV. SUPER TRADER জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারের লাইটারের মাধ্যমে চট্টগ্রাম কুতুবদিয়া/বহির্নোঙ্গর হতে মোট ১৬৪৫৫ মে.টন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহণের উপর্যুক্ত প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো। উল্লেখ্য প্রাপক কেন্দ্রে খালাস শেষ না হওয়া পর্যন্ত সরবরাহকারী ও মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারসহ সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে।

**নির্দেশনাসমূহ:**

১। (ক) নারায়ণগঞ্জ সাইলোর উদ্দেশে মাদার ভেসেল থেকে পরিবাহিতব্য গম সাইলোতে প্রাপ্তি না হওয়া পর্যন্ত গমের সকল দায়-দায়িত্ব সরবরাহকারীর উপর বর্তাবে এবং Unloading এর ক্ষেত্রে Stevedoring খরচ সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এক্ষেত্রে সরকারি কোন অর্থ ব্যয় করা যাবে না।

(খ) নারায়ণগঞ্জ সাইলোতে গম গ্রহণের পূর্বে গমের বিনির্দেশ যথাযথ কি না তা পরীক্ষা করে নিশ্চিত হয়ে গ্রহণ করতে হবে।

(গ) বিধি মোতাবেক অন্যান্য সকল নিয়মনীতি অনুসরণ করতে হবে।

(ঘ) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ও সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

২। জাহাজ/কোস্টারের ঢালা গম পরিবহণের উপর্যুক্ততা যাচাই এর জন্য সার্ভে সার্টিফিকেট, বেক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেট এর মূল/সত্যায়িত কপি এবং চলাচল ও জাহাজ লোডিং সংক্রান্ত যাবতীয় বিষয়াবলি অবলোকন/যাচাইপূর্বক চুক্তির শর্তাবলী ও অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে জাহাজের ধারণক্ষমতাকে আমলে এনে ঢালা গম বোঝাইয়ের পর ভয়েস যাত্রার পূর্বে ভারসাম্য রক্ষার ব্যবস্থা নিতে হবে।

৩। সাধারণ বীমা কর্পোরেশন হতে বোঝাইকৃত পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম গম পরিবহণ করবেন। বোঝাই অবস্থায় জাহাজের ফ্রি বোর্ড (Free Board) নিরাপদ মাপে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম রুটে জারিকৃত সূচির ঠিকাদারদের লাইটেনিং এর কার্যক্রম চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সম্পন্ন হবে। এক্ষেত্রে MoU তে উল্লিখিত কুতুবদিয়া ও বহির্নোঙ্গরের পরিমাণ সঠিক রেখে লাইটারসমূহের ধারণক্ষমতা বিবেচনা করে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ঠিকাদারদের অনুকূলে বরাদ্দকৃত গম হতে প্রয়োজনে কম/বেশি করে পরিবহণের সূচিকৃত সমুদয় গম পরিবহণের ব্যবস্থা নিবেন।

৫। এই সূচির মেয়াদ (১০ দিনের বেশী নয়) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক নির্ধারিত হবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৭-২-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক
চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৪৩/১(১০)

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৯
১৭ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম

৫) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো

৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ, ঢাকা

৮) Renu Shipping Lines, Porash Chandra Das, BH Heights (6th Floor) 318, Sk Mujib Road, Agrabad, Chattogram

১৭-২-২০২৩
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক